বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, কৃষি ব্যাংক ভবন
৮৩-৮৫, মতিঝিল বানিজ্যিক এলাকা
ঢাকা-১০০০

## শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ

পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ(শানিব্যউবি) পরিপত্র নং -০১/২০১৭ তারিখ ঃ ১৬-০২-২০১৭ ইং

সকল বিভাগীয় মহাব্যবস্থাপক
মহাব্যবস্থাপক,স্থানীয় মুখ্য কার্যালয়,ঢাকা
উপ-মহাব্যবস্থাপক,কর্পোরেট শাখা সমূহ
সকল মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক/আঞ্চলিক ব্যবস্থাপক
সকল শাখা ব্যবস্থাপক(মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে )
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ উচ্চ সুদবাহী সঞ্চয় স্কীমসমুহের মেয়াদ ও সুদের হার পুনঃনির্ধারণ প্রসংগে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ের হিসাব মহাবিভাগের পরিপত্র নং ১০/২০০৭ ও ০৫/২০০৮ তারিখ যথাক্রমে ২৭-১১-২০০৭ ও ০৫-১০-২০০৮ এবং শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ হতে জারীকৃত ডিএমডি-১(শানিব্যউবি)পরিপত্র নং যথাক্রমে ০৩/ ২০১২, ২০/২০১৬, ০২/২০১২ তারিখ ২৭-০৩-২০১২,০৬-১২-২০১৬ ও ২৩-০১-২০১২ এর প্রতি সকলের দৃষ্টি আকর্ষণ করা হলো ।

০২। ব্যাংকের ব্যয় খাতের মধ্যে আমানতের সুদ ব্যয় সবচেয়ে বেশী। তাই আমানতের সুদ ব্যয় কমানোর লক্ষ্যে ও ব্যাংককে লাভজনক পর্যায়ে উন্নীত করার নিমিত্ত অধিক সুদবাহী আমানত ছেড়ে দিয়ে অপেক্ষাকৃত কম সুদবাহী বা সুদবিহীন আমানত সংগ্রহ করা অপরিহার্য । এ অবস্থায় প্রতিযোগিতামুলক বাজারের সাথে সামঞ্জস্য রেখে অধিক সুদবাহী সঞ্চয় স্কীম যথা "বিকেবি ডাবল প্রফিট স্কীম ,বিকেবি মাসিক প্রফিট স্কীম, বিকেবি মাসিক সঞ্চয় স্কীম(এমএসএস), বিকেবি,সঞ্চয় স্কীম ও মাসিক/ত্রৈমাসিক মুনাফা স্কীম"এর সুদের হার পুণঃ নির্ধারন পূর্বক উহা চালু রাখার বিষয়ে বিগত ০৬-০২-২০১৭ তারিখে অনুষ্ঠিত ব্যাংকের পরিচালনা পর্ষদের ৬৭৯ তম সভায় সংশ্লিষ্ট স্কীমসমুহের সুদের হার নিম্নোক্ত হারে পুণঃনির্ধারনের অনুমোদন প্রদান করা হয় । উল্লেখ্য পুণঃ নির্ধারিত মেয়াদ ও সুদ হার নতুন গ্রাহকদের ক্ষেত্রে প্রয়োজ্য হবে ।

| ক্রমিক নং | সঞ্চয় স্কীমের বিবরণ | বিদ্যমান মেয়াদ ও সুদের হার | | পুণঃ নির্ধারিত মেয়াদ ও সুদ হার | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ০১ | বিকেবি,ডাবল প্রফিট স্কীম | ৮ বছর | ৯.২৫% | ১০বছর | ৭.২০% | - |
| ০২ | বিকেবি,মাসিক প্রফিট স্কীম | ৩/৫বছর | ৭.৫০% | ৩/৫ বছর | ৫.০০% | - |
| ০৩ | বিকেবি,মাসিক সঞ্চয় স্কীম (এমএসএস) | ৩,৫ ও ১০ বছর | ৮.০০% | ৩ বছর<br>৫ ও ১০বছর | ৬.০০%<br>৭.০০% | |
| ০৪ | বিকেবি,সঞ্চয় স্কীম | ৭ বছর | ৯.০০% | ৭ বছর | ৭.০০% | - |
| ০৫ | মাসিক/ত্রৈমাসিক মুনাফা স্কীম | ৩/৫ বছর | ৮.৫০% ও ৯.০০% (সরল হারে) | ৩/৫বছর | ৬.৫০% (সরল হারে) | - |
| ০৬ | ক)শিক্ষা সঞ্চয় প্রকল্প(মাসিক কিস্তি ভিত্তিক) | ৫,৭ ও ১০ বছর | ৫.০০%,৫.৫০%ও ৬.০০% | - | - | অপরিবর্তিত থাকবে |
| | খ) শিক্ষা সঞ্চয় প্রকল্প(এককালীন জমা ভিত্তিক) | ৭ বছর | ৬.৫০% | - | - | অপরিবর্তিত থাকবে |
| | গ) শিক্ষা সঞ্চয় প্রকল্প(এককালীন জমা ভিত্তিক) | ১০ বছর | ৭.০০% | - | - | অপরিবর্তিত থাকবে |
| | ঘ) শিক্ষা সঞ্চয় প্রকল্প(এককালীন জমা ভিত্তিক) | ১৫ বছর | ৭.২৫% | - | - | অপরিবর্তিত থাকবে |

চলতিপাতা/০২

F:Nasir/Nasir/M-3

০৩। উপরোক্ত ২নং অনুচ্ছেদে বর্ণিত স্কীম সমূহ অত্র পরিপত্র জারীর তারিখ থেকে নতুন গ্রাহকদের ক্ষেত্রে পুনঃনির্ধারিত হারে পরিচালনা করার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা দেয়া হলো । উল্লেখিত সঞ্চয় স্কীম সমূহে সুদ প্রদান এবং প্রাপ্য সুদের উপর ব্যাংকের প্রচলিত নিয়মে উৎসে কর ও আবগারী শুল্ক কর্তন করতে হবে ।

০৪। মেয়াদপূর্তির পূর্বে হিসাব বন্ধ করা হলেঃ

গ্রাহকগন বিশেষ প্রয়োজনে যে কোন সময় লিখিত আবেদনের মাধ্যমে হিসব বন্ধ করতে পারবেন। এ ক্ষেত্রে হিসাব বন্ধের জন্য সার্ভিস চার্জ বাবদ ২০০/- (দুইশত) টাকা আদায়যোগ্য হবে এবং নিম্নোক্ত নিয়মাবলী পরিপালন করতে হবেঃ

(ক) হিসাব খোলার ১(এক) বছরের মধ্যে হিসাব বন্ধ করা হলে গ্রাহক শুধু আসল টাকা ফেরত পাবেন।

(খ) ৩(তিন) বা ৫(পাঁচ) বছর মেয়াদী মাসিক সঞ্চয় স্কীমের ক্ষেত্রে হিসাবের মেয়াদ ১(এক) বছরের অধিক কিন্তু নির্ধারিত মেয়াদপূর্তির পূর্বে বন্ধ করা হলে গ্রাহকগণ সঞ্চয়ী হিসাবের জন্য নির্ধারিত সুদে সরল হারে সুদসহ আসল টাকা ফেরত পাবেন।

(গ) হিসাবের মেয়াদ ৫(পাঁচ) বছরের অধিক কিন্তু ১০(দশ) বছরের কম সময়ের মধ্যে বন্ধ করা হলে গ্রাহকগণ সঞ্চয়ী হিসাবের সুদ হার থেকে ১.০০% বেশী হারে সরল সুদসহ আসল টাকা ফেরত

০৫। উল্লেখিত স্কীমসমূহে হিসাব খোলা ও পরিচালনার ক্ষেত্রে ইতোপূর্বে জারীকৃত পরিপত্র ও পত্রের অন্যান্য শর্তাবলী অপরিবর্তিত থাকবে।

০৬। আলোচ্য পরিপত্রের বিষয়ে যে কোন ধরণের অস্পষ্টতা পরিলক্ষিত হলে তা স্পষ্টীকরণের ক্ষেত্রে অত্র বিভাগের সাথে সরাসরি যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো ।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত,

১৬.০২.১৭

(মোঃ মিজানুর রহমান)
উপ-মহাব্যবস্থাপক

প্রকা/শানিব্যউবি-১(১২৭) /২০১৬-২০১৭/ ৯৯৬(১২৫০)

তারিখ ঃ ১৬-০২-২০১৭ ইং

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো ঃ

০১। চীফ ষ্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়,বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা ।

০২। ষ্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়গণের দপ্তর,বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা ।

০৩। সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর,বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা ।

০৪। মহাব্যবস্থাপক ও অধ্যক্ষ, স্টাফ কলেজ, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা ।

০৫। সকল উপ-মহাবাবস্থাপক/সচিব,বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা ।

০৬। উপ-মহাব্যবস্থাপক,আইসিটি সিস্টেমস বিভাগ,বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। তাঁকে উপরোক্ত পত্রটি ব্যাংকের ওয়েব-সাইটে আপলোড করার প্রয়েজনীয় ব্যবস্থা গ্রহনের জনা অনুরোধ করা হলো ।

০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলদেশ কৃষি বাংক ।

০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক ।

০৯। নথি //মহানথি ।

২৩.০২.১৭ ইং

(মোঃ আবুল কালাম ভুঁইয়া)
সহকারী মহাব্যবস্থাপক

F:Nasir/Nasir/M-3